বিইউপি
(ইংরেজি বিভাগ, এফএএসএস)

**ইংরেজি বিভাগ কর্তৃক বর্ষা মিতালী নামক ম্যাগাজিন প্রকাশ:** ইংরেজি বিভাগের অধীনে বিইউপি লিটারেচার অ্যান্ড ড্রামা ক্লাব কর্তৃক আয়োজিত বর্ষা উৎসব উপলক্ষ্যে ২০২৪ এর জুলাই মাসে প্রকাশিত হয় ম্যাগাজিন "বর্ষা মিতালী-১৪৩০"।




**AUST Career Development Club 2024:** ২৪ সেপ্টেম্বর ২০২৪ আহসানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এ্যান্ড টেকনোলজির ক্যারিয়ার ডেভেলপমেন্ট ক্লাব একটি প্রতিযোগিতার আয়োজন করে। সেখানে ২০০ জনেরও অধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিইউপি'র ইংরেজি বিভাগের ২০২২ ব্যাচের শিক্ষার্থী ক্লাস সামিয়া সায়েরা সেই প্রতিযোগীতায় ফার্স্ট রানার আপ হওয়ার গৌরব অর্জন করেন।




<u>**আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা-২০২৪:**</u> ১৯ নভেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস কর্তৃক আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। এতে ইংরেজি বিভাগ আন্তর্জাতিক সম্পর্ক বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। উক্ত প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন বিইউপির সম্মানিত উপাচার্য, উপ-উপাচার্য, রেজিস্ট্রার, ইংরেজি বিভাগের চেয়ারম্যান, উচ্চ পদস্থ কর্মকর্তা, ফ্যাকাল্টি মেম্বার এবং শিক্ষার্থীরা। বিইউপি'র সম্মানিত উপাচার্য প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।



**০৪ দিন ব্যাপী ওয়ার্কশপ এবং বিইউপি জাতীয় সাহিত্য উৎসব ৮.০ (National Litfest 8.0) এর আয়োজনঃ**

বিইউপি লিটারেচার অ্যান্ড ড্রামা ক্লাব কর্তৃক ২৬-২৯ ডিসেম্বর ২০২৪ মোট ০৪ দিন ব্যাপী মোট ০৮টি ইভেন্ট এর ওপর ওয়ার্কশপের আয়োজন করা হয়। ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ওয়ার্কশপটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিন, এফএএসএস, ইসি মেম্বার, চেয়ারম্যান ও শিক্ষকমন্ডলী, ইংরেজি বিভাগ, বিইউপি। এফএএসএস অনুষদের সম্মানিত ডিন ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাব্বি আহসান, এনডিসি, পিএসসি উক্ত ওয়ার্কশপ ও সাহিত্য উৎসবের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন।




**কুয়েট (KUET)ক্যারিয়ার ক্লাব-২০২৫**

গত ১৭ই জানুয়ারি, ২০২৫ ইং তারিখে কুয়েট (KUET) ক্যারিয়ার ক্লাব কর্তৃক বিজ ব্যাটল আয়োজিত হয়। উক্ত প্রতিযোগীতায় ইংরেজি বিভাগের ২০২২ ব্যাচের শিক্ষার্থী সামিয়া সায়েরা অংশগ্রহণ করেন এবং কার্যকর ও বাস্তব ভিত্তিক সমাধান উপস্থাপনের মাধ্যমে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।



**আইইউটি ক্যারিয়ার অ্যান্ড বিজনেস সোসাইটি (IIUT)-২০২৫:**

২২ শে মার্চ ২০২৫ ইং তারিখে বিজনেশন, আইইউটি ক্যারিয়ার অ্যান্ড সোসাইটি (**IIUT**) কর্তৃক আয়োজিত একটি জাতীয় পর্যায়ের কেস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় ইংরেজি বিভাগের ২০২২ ব্যাচের শিক্ষার্থী সামিয়া সায়েরা, সেখানে তার সৃজনশীল চিন্তাভাবনা ও শক্তিশালী দলগত প্রচেষ্টার মাধ্যমে জটিল কেসসমূহ সমাধান করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।




**বার্ষিক সেমিনার-২০২৫:** ইংরেজি বিভাগ ১৬ই এপ্রিল, ২০২৫ তারিখে বিজয় অডিটোরিয়ামে **"Internet Humour: A Semantic and Pragmatic Analysis"** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারের প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. বিজয় লাল বসু।

প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান ড. মোঃ মোহসীন রেজা এবং সহকারী অধ্যাপক শাকিলা আক্তার। উক্ত অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত ডিন, এফএএসএস অনুষদের সম্মানিত কর্নেল খন্দকার হাসান মাসজুদ, এএসডব্লিউসি, পিএসসি। এছাড়াও ইংরেজি বিভাগের সম্মানিত শিক্ষকবৃন্দ, প্রশাসনিক কর্মকর্তা ও অফিস স্টাফ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

সেমিনারের মূল শ্রোতা হিসেবে ইংরেজি বিভাগের সকল শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শেষে ইংরেজি বিভাগের চেয়ারম্যান ড. মোঃ মোহসীন রেজা প্রধান বক্তাকে সম্মাননা ক্রেস্ট প্রদান ও ধন্যবাদ জ্ঞাপন করে সেমিনারটির সফল সমাপ্তি ঘোষনা করেন।




<u>**ভিডিও এডিটিং ওয়ার্কশপঃ**</u>

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এর ইংরেজি বিভাগ ২৭ এপ্রিল ২০২৫ তারিখে বিজয় অডিটোরিয়ামে “প্রফেশনাল ভিডিও এডিটিং উইথ ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউট” শীর্ষক একটি তিন ঘন্টাব্যাপী কর্মশালার আয়োজন করে। কর্মশালায় প্রধান বক্তা হিসেবে ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউটের সিনিয়র ফ্যাকাল্টি ও ভিডিও সম্পাদক আনিসুর রহমান উপস্থিত ছিলেন। প্রফেশনাল ভিডিও এডিটিং বিষয়ক এই কর্মশালায় ভিডিও সম্পাদনার বিভিন্ন মৌলিক বিষয় এবং ব্যবহারিক প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত ছিল, যা শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে ধাপে ধাপে সহায়তা বাড়াবে। অংশগ্রহণকারীরা  সিনেমাটোগ্রাফির মৌলিক ধারনা, যেমন লেন্স নির্বাচন এবং লাইটিং সম্পর্কে শিক্ষা লাভ করেন।


ভবিষ্যতে আরো প্রশিক্ষণ গ্রহণের মাধ্যেমে তারা পোস্ট-প্রোডাকশন এবং স্ক্রিনপ্লে নির্মানেও দক্ষতা অর্জন করতে পারবেন। ইংরেজি বিভাগের শিক্ষার্থীসহ অন্যান্য বিভাগের শিক্ষার্থীরাও কর্মশালায় অংশগ্রহণ করেন, যারা মূল শ্রোতা হিসেবে উপস্থিত ছিলেন।

কর্মশালার শেষ পর্বে ধন্যবাদ জ্ঞাপন এবং প্রধান বক্তাকে ক্রেস্ট প্রদান করেন বিইউপি লিটারেচার এন্ড ড্রামা ক্লাব-এর মডারেটর প্রভাষক সুমাইতা মারজান যার মাধ্যমে কর্মশালার সফল সমাপ্তি ঘটে।



**মাদকদ্রব্যের অপব্যবহার রোধ ও সচেতনতা বৃদ্ধি” শীর্ষক আলোচনা সভা :** ১৯ই মার্চ ২০২৫ তারিখে ইংরেজি ও অর্থনীতি বিভাগের আয়োজনে “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী কার্যক্রম গ্রহণ ও মাদক বিরোধী প্রচারণা” শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের প্রভাষক নুজহাত ফাতিমা।

এই আলোচনা সভায় ইংরেজি বিভাগের চেয়ারম্যানসহ, ইংরেজি ও অর্থনীতি বিভাগের শিক্ষকবৃন্দ এবং উভয় বিভাগের ২০২৪ ব্যাচের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। কাউন্সিলিং এন্ড প্লেসমেন্ট সেন্টারের সহকারী সোশিও ইমোশনাল কাউন্সিলর মোছাঃ ফারজানা ইয়াসমিন মাদকের অপব্যবহার, কুফল ও তা প্রতিরোধের উপায় নিয়ে স্লাইড প্রেজেন্টেশনসহ বিশদ আলোচনা করেন। এছাড়াও মেডিকেল সেন্টার থেকে মেডিক্যাল অফিসার ডঃ শিলা সুলতানা “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী কার্যক্রম গ্রহণ ও মাদক বিরোধী প্রচারণা” বিষয়ক মূল্যবান বক্তব্য রাখেন।




**ইংরেজি বিভাগের ০২ শিক্ষক নেপালে ০১ টি কনফারেন্সে অংশগ্রহণ প্রসঙ্গে:**
প্রভাষক কে. এম. আরেফিন এবং প্রভাষক তাসনিম নাজ তাঁদের সম্মিলিত রিসার্চ পেপার “Monoculture Indigo Plantation and the Rape of the Land in Dinbandhu Mittra’s Nil-Darpan” নেপালের কাঠমান্ডুতে ত্রিভুবন বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত দ্বিতীয় আন্তর্জাতিক গ্লোবাল প্ল্যান্প হিউম্যানিটিজ কনফারেন্স-এ উপস্থাপনা করেছেন।

